দৈনিক বাংলা

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 14 FEB 1988
পৃষ্ঠা 4 কলাম 7

40

14 FEB 1988

# জাল মার্কশীট দেখিয়ে ভর্তির অপরাধে—

(সংবাদদাতা)

বাগেরহাট ১২ই ফেব্রুয়ারী।—এসএসসি পরীক্ষায় পাসের জাল মার্কশীট দিয়ে ভর্তি হওয়ার অপরাধে সম্প্রতি বাগেরহাট সরকারী পিসি কলেজের একাদশ শ্রেণীর একজন ছাত্রের ভর্তি বাতিল করা হয়েছে।

জানা গেছে, শেখ মোঃ সেলিম নামে একজন ছাত্র ১৯৮৮ সালে পিসি কলেজে ভর্তি হয়। ভর্তির সময় সে বরিশালের নবারন হাই স্কুল থেকে পাস করেছে এই মর্মে প্রধান শিক্ষকের দেয়া একটি টেস্টমোনিয়াল এবং যশোর শিক্ষা বোর্ড কর্তৃক প্রদত্ত একটি মূল মার্কশীট ও তার ফটো কপি জমা দেয়। তার রোল নম্বর ছিল ৩৯৭ এবং পরীক্ষা কেন্দ্র ছিল বানরী পাড়া। উক্ত সেলিমের দাখিলকৃত কাগজপত্র পরীক্ষা করার সময় গরমিল দেখা গেলে কলেজ কর্তৃপক্ষ বিষয়টি যশোর শিক্ষা বোর্ডকে অবহিত করান।

যশোর শিক্ষা বোর্ডের রেকর্ড অনুযায়ী দেখা যায়, উক্ত কেন্দ্র থেকে পাস করা ৩৯৭ রোল নম্বর ধারী ভিন্ন ব্যক্তি। তার নাম শাহেদুল মাজেদ।

যশোর শিক্ষা বোর্ড অভিযুক্ত শেখ মোঃ সেলিমের ভর্তি বাতিল করে কলেজের অধ্যক্ষকে একটি চিঠি দিয়েছেন। অপরদিকে বোর্ড বিষয়টি তদন্ত পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিআইডি বিভাগের ডিআইজিকে অনুরোধ জানিয়েছেন।